

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদপ্তর  
প্রশাসন-১ শাখা  
আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর - ৪১.০১.০০০০.০০০.০০৮.০৬.০০০৩.২৬. ১৯৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর লক্ষ্যে উপকারভোগী নির্বাচন প্রসংগে।

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নম্বর: ১৬.০০.০০০০.০১৩.২০.০১৩.২০২৬ (অংশ- ২).৪০ তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২/০৩ মার্চ ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের নিমিত্ত সূত্রে বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


০২। উল্লিখিত বিষয়ে ০৪-০৩-২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ২.৩০ টায় মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর ঐর সভাপতিত্বে জুমপ্লাটফর্মে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে - ০১ (এক) পাতা।

জুম আইডি: ৯৬০ ৫১৪৪ ৯২৪৯

পাসওয়ার্ড: ৫১৮১৩৮

- ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল বিভাগ), সমাজসেবা অধিদপ্তর।
- ২। পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা/শিশু সুরক্ষা/পরিকল্পনা ও উন্নয়ন), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার (সকল)।


  
মোঃ সাইফুল ইসলাম  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ৫৫০০৭০২৪

স্মারক নম্বর - ৪১.০১.০০০০.০০০.০০৮.০৬.০০০৩.২৬. ১৯৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে:

০১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
০২. সহকারী.প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
মোঃ রবিউল করিম  
উপপরিচালক (প্রশাসন)  
ফোন: ০২-৫৫০০৭৩৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ১৬.০০.০০০০.০১৩.২০.০১৩.২০২৬ (অংশ-২).৪০

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২  
০৩ মার্চ, ২০২৬


বিষয়ঃ বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানি ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর লক্ষ্যে উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানি ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর জন্য উপকারভোগী নির্বাচনে নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

০১.	উপজেলা নির্বাহী অফিসার	আহ্বায়ক
০২.	প্রতিনিধি, ইসলামিক ফাউন্ডেশনের জেলা/বিভাগীয় কার্যালয়	সদস্য
০৩.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

১. আসন্ন ঈদ-উল-ফিতর ২০২৬ এর পূর্বেই সীমিত পরিসরে মাসিক ভাতা চালু করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন এবং প্রতিটি পৌরসভা হতে ০১টি করে জামে মসজিদ ও অন্যান্য উপাসনালয়ের ক্ষেত্রে প্রতিটি উপজেলা হতে ০২টি করে মন্দির এবং সারা দেশে ৭২টি উপজেলায় বৌদ্ধ বিহার অবস্থিত হওয়ায় প্রতিটি উপজেলা হতে ১টি করে বৌদ্ধ বিহার ও ১৯৮টি উপজেলায় গির্জা অবস্থিত হওয়ায় প্রতিটি উপজেলা হতে ১টি করে গির্জা নির্বাচন করতে হবে;
২. মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেম এর মাসিক সম্মানি প্রদানের ক্ষেত্রে বিবেচিত মসজিদটি জামে মসজিদ হতে হবে।
৩. কমিটি আগামী ০৫/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপকারভোগী নির্বাচনপূর্বক প্রত্যেক উপকারভোগীর সোনালী ব্যাংক পিএলসির সঞ্চয়ী হিসাব নম্বরসহ ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয় বিভাগের পরিচালক জনাব মোঃ মহিউদ্দিন এর WhatsApp নম্বর ০১৭১১৩৬৭৪৫৮ এবং email: [dir.coordination@islamicfoundation.gov.bd](mailto:dir.coordination@islamicfoundation.gov.bd) এ প্রেরণ করতে হবে।
৪. এক্ষেত্রে সার্চিবিক দায়িত্ব পালনে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয় সার্বিক সহযোগিতা প্রদান করবে।

  
(মোঃ মোতাহের হোসেন)  
সহকারী সচিব

বিতরণ: কার্যার্থে

- ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ২। পরিচালক/উপপরিচালক, বিভাগীয়/জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন [(সকল) প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ]
- ৩। উপজেলা সমাজসেবা অফিসার (সকল)।

অনুলিপি: জ্ঞাতার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন)।
- ২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)।
- ৯। অফিস কপি/মাস্টার ফাইল।